কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বীজ উইং, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

স্মারক নং-১২.০০.০০০০.০৯৭.১০.০১০.১৬-৪২২ **তারিখ : ২৬-০৬-১৬ খ্রিঃ**

বীজ ডিলার নিবন্ধন ও নবায়নের সংশোধিত পরিপত্র

জাতীয় বীজ বোর্ডের ৮৫ তম সভায় বীজ ডিলার নিবন্ধীকরণের আবেদন Form-2 এর সংশোধন এবং ৮৬ তম সভায় বীজ ডিলার নবায়ন পদ্ধতি অনুমোদিত হয়েছে। এমতাবস্থায়, এতদসংক্রান্ত পূর্ববর্তী পরিপত্র/সার্কুলার বাতিলপূর্বক বীজ ডিলার নিবন্ধন ও নবায়নের সংশোধিত পরিপত্র সংশ্লিষ্ট সকলের অবগতি ও অনুসরণের জন্য জারি করা হলো।

(ক) বীজ ডিলার নিবন্ধন

যে সকল ব্যক্তি/কোম্পানি/প্রতিষ্ঠান বীজ সম্পর্কিত (উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, বাজারজাতকরণ, আমদানি, রপ্তানি) কার্যক্রমের সঙ্গে জড়িত বা বীজ ব্যবসায় আগ্রহী তারা বীজ ডিলার হিসাবে নিবন্ধনের জন্য আবেদন করতে পারবেন।

কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.moa.gov.bd এ প্রকাশিত বীজ ডিলার হিসাবে নিবন্ধীকরণ/নবায়নের আবেদন ফরম-২ পূরণ করে সরাসরি অথবা জেলা/উপজেলা পর্যায়ের ডিএই/এসসিএ/বিএডিসির সংশ্লিষ্ট কর্মকর্তা/বাংলাদেশ সীড এসোসিয়েশন (বিএসএ)/ সংশ্লিষ্ট কোম্পানির কর্মকর্তা কর্তৃক সুপারিশসহ নিম্নে বর্ণিত কাগজপত্র সংযুক্ত করে আবেদন করলে বীজ উইং, কৃষি মন্ত্রণালয় থেকে বীজ ডিলার নিবন্ধন প্রত্যয়নপত্র প্রদান করা হবে;

১) কোম্পানি রেজিস্ট্রেশন অথবা ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি;
২) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি;
৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/বীজ প্রত্যয়ন এজেন্সী/বিএডিসি অথবা কোন কৃষি গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত বীজ উৎপাদন/প্রক্রিয়াজাতকরণ/বাজারজাতকরণ/আমদানি/রপ্তানি কার্যক্রম সম্পর্কিত প্রত্যয়ন পত্র;
৪) বীজ ডিলার নিবন্ধন ফি ৫০০/-(পাঁচশত) টাকা ট্রেজারি চালানের কোড নম্বর : ১-৪৩৩৮-০০০০-২৬৮১ খাতে জমাকৃত চালানের মূলকপি;
৫) সদ্য তোলা এক কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি;

(খ) বীজ ডিলার নবায়ন

বীজ ডিলার নিবন্ধনের প্রত্যয়ন পত্রের মেয়াদ ইস্যুর তারিখ হতে পরবর্তী এক বছর পর্যন্ত বহাল থাকবে। প্রত্যয়ন পত্রের মেয়াদ শেষের পূর্বেই নবায়নের জন্য আবেদন করতে হবে। বিগত ৩১ ডিসেম্বর, ২০১৫ খ্রিঃ তারিখের পূর্বে বীজ ডিলার হিসেবে নিবন্ধিত ডিলারগণ (নিবন্ধন নং ০০১ থেকে ২২৪৭৮ পর্যন্ত) আগামী ৩১ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে নিবন্ধন নবায়ন করতে হবে। অন্যথায় বীজ ডিলার হিসাবে নিবন্ধনের প্রত্যয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

জাতীয় বীজ বোর্ডের ৮৬তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বীজ ডিলার প্রত্যয়নপত্র নবায়নের জন্য কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.moa.gov.bd এ প্রকাশিত বীজ ডিলার হিসাবে নিবন্ধীকরণ/নবায়নের আবেদন ফরম-২ পূরণ করে সরাসরি অথবা জেলা/উপজেলা পর্যায়ের ডিএই/এসসিএ/বিএডিসির সংশ্লিষ্ট কর্মকর্তা/বাংলাদেশ সীড এসোসিয়েশন (বিএসএ)/সংশ্লিষ্ট কোম্পানির কর্মকর্তা কর্তৃক সুপারিশসহ নিম্নে বর্ণিত কাগজপত্র সংযুক্ত করে আবেদন করলে বীজ উইং, কৃষি মন্ত্রণালয় থেকে বীজ ডিলার নবায়ন করা হবে :

(১) বীজ ডিলার নিবন্ধনের প্রত্যয়নপত্র (মূলকপি);
(২) নবায়নকৃত ট্রেড লাইসেন্স এর ফটোকপি;
(৩) প্রতি তিন বছরের জন্য ট্রেজারি চালানের মাধ্যমে ১-৪৩৩৮-০০০০-২৬৮১ কোড নম্বরে বীজ ডিলার নবায়ন ফি বাবদ ৬০০/- (ছয়শত) টাকা জমাপূর্বক চালানের মূলকপি;

২৬.০৬.১৬

(মোঃ আজিম উদ্দিন)
প্রধান বীজতত্ত্ববিদ
ফোন-৯৫৪০২৩৮
e-mail: azimseed@gmail.com

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ -২২০০;
০২। চেয়ারম্যান, বিএডিসি, কৃষিভবন, ঢাকা;
০৩। নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট, ঢাকা;
০৪। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা **(জেলা ও উপজেলা পর্যায়ে বহুল প্রচারের অনুরোধসহ);**

চলমান পাতা-২

০৫। মহাপরিচালক, বারি/ব্রি, জয়দেবপুর, গাজীপুর **(জেলা ও উপজেলা পর্যায়ে বহুল প্রচারের অনুরোধসহ);**
০৬। মহাপরিচালক, বিনা, বাকৃবি চত্ত্বর, ময়মনসিংহ-২২০০;
০৭। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, শেরে বাংলানগর, ঢাকা
০৮। মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদি, পাবনা-৬৬২০;
০৯। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১০। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, ঢাকা **(জেলা ও উপজেলা পর্যায়ে বহুল প্রচারের অনুরোধসহ);**
১১। যুগ্ম সচিব (ব্যয় নিয়ন্ত্রণ ও পরিদর্শন), অর্থ বিভাগ (কক্ষ নং-২১৯), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২। ড. মো. আব্দুর রাজ্জাক (প্রাক্তন নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি), প্রকল্প-পরিচালক, এনএটিপি, বিএআরসি কমপ্লেক্স, ফার্মগেট, ঢাকা;
১৩। পরিচালক, খাদ্য শস্য উইং/উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ী, ঢাকা;
১৪। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৫। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর **(জেলা ও উপজেলা পর্যায়ে বহুল প্রচারের অনুরোধসহ);**
১৬। সদস্য-পরিচালক (শস্য), বিএআরসি, ফার্মগেট, ঢাকা;
১৭। মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা **(জেলা ও উপজেলা পর্যায়ে বহুল প্রচারের অনুরোধসহ);**
১৮। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ী, ঢাকা **(কৃষি কথায় বহুল প্রচারের অনুরোধসহ);**
১৯। পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর;
২০। পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর;
২১। প্রফেসর ড. লুৎফুর রহমান, হাউজ #০৯, রোড# ১৫, সেকশন-১২, উত্তরা, ঢাকা-১২৩০;
২২। প্রফেসর ড. শহীদুর রশীদ ভূঁইয়া, প্রো-ভিসি, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা;
২৩। উপ-পরিচালক, (আমদানি/রপ্তানি), উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ী, ঢাকা;
২৪। প্রকল্প পরিচালক, মানসম্পন্ন বীজ সরবরাহ বৃদ্ধিকরণ প্রকল্প, পিএমইউ, সেচভবন, ঢাকা (জেলা ও উপজেলা পর্যায়ে বহুল প্রচারের অনুরোধসহ);
২৫। ড. মো. নজমুল হুদা, সীড সাপ্লাই এন্ড মনিটরিং এক্সপার্ট, মানসম্পন্ন বীজ সরবরাহ বৃদ্ধিকরণ প্রকল্প, পিএমইউ, সেচভবন, ঢাকা;
২৬। জনাব এম আনিস উদ দৌলা, চেয়ারম্যান, এসিআই লিঃ এবং সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন, সিদ্দিক বাজার, ঢাকা;
২৭। চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানি লিঃ, বাড়ী#১০, গরীবে নেওয়াজ ই এভিনিউ, সেক্টর # ১৩,উত্তরা, ঢাকা;
২৮। জনাব মাহবুব আনাম, ব্যবস্থাপনা পরিচালক, লাল তীর সীড কোম্পানি, এ্যাংকর টাওয়ার, ১/১বি, সোনারগাঁও রোড, ঢাকা-১২০৫;
২৯। জনাব এফ আর মালিক, মল্লিকা সীড কোম্পানি, ১৪৫ সিদ্দিক বাজার, ঢাকা;
৩০। চেয়ারম্যান, পেট্রোকেম বাংলাদেশ লিঃ, এবিসি হেরিটেজ (৪র্থ তলা), জসিম উদ্দিন এভিনিউ, উত্তরা, ঢাকা;
৩১। জনাব সরদার এমডি সালাউদ্দিন, এগ্রো ইনপুট কোয়ালিটি কন্ট্রোল এন্ড স্ট্যান্ডার্ড স্পেশালিস্ট, ইউএসএআইডি (এআইপি) ইন বাংলাদেশ, ঢাকা;
৩২। নির্বাহী পরিচালক, এসিআই এগ্রি বিজনেস, এসিআই সেন্টার, ঢাকা;
৩৩। সাধারণ সম্পাদক, বিএসএ, ১৪৫ সিদ্দিক বাজার, ঢাকা **(জেলা ও উপজেলা পর্যায়ে বহুল প্রচারের অনুরোধসহ);**
৩৪। জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, কৃষিভবন, ঢাকা **(কৃষি সমাচারে প্রচারের অনুরোধসহ)।**

সদয় অবগতির জন্য অনুলিপি :

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);**
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);**
০৩। সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(পরিপত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);**
০৫। অতিরিক্ত সচিব (পিপিসি/প্রশাসন ও উপকরণ/নিরীক্ষা/সম্প্রসারণ/গবেষণা/আইসি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়,
০৬। মহাপরিচালক, বীজ উইং মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৭। অফিস কপি/মাস্টার ফাইল।

২৬/০৩/১৭

E:\Paripatra\Paripatra.doc